

জামালপুরে কলেজছাত্রের আত্মহনন

জামালপুর প্রতিনিধি ▶ কা
জামালপুর সদর উপজেলার হরিবাড়ী
গ্রামের নজরুল ইসলামের কলে
কলেজছাত্র কামরুল হাছান (১৮) ফাঁস
ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। তিনি
জামালপুর শহীদ জিয়াউর রহমান
কলেজের উচ্চ মাধ্যমিকের দ্বিতীয় বর্ষের
ছাত্র ছিলেন।

পুলিশ ও নিহতের পরিবার সূত্রে জানা
যায়, কামরুল হাছানের সঙ্গে পাশের
পশ্চিম মেটা গ্রামের এক কুলছাত্রীর
প্রেমের সম্পর্ক ছিল। প্রেমিকার বিয়ের
খবর শুনে গত বুধবার গভীর রাতে তাঁর
(প্রেমিকা) বাড়ির সামনে একটি
কাঠানগাছে গলায় ফাঁস দিয়ে তিনি
আত্মহত্যা করেন। গতকাল
বৃহস্পতিবার সকালে খবর পেয়ে পুলিশ
ঘটনাস্থলে যায়। অহিনি প্রক্রিয়ার
মাধ্যমে ময়নাতদন্ত ছাড়াই কবর
দেওয়ার জন্য পরিবারের পক্ষ থেকে
আবেদন করলে পুলিশ লাশটি তাদের
কাছে হস্তান্তর করে।